দৈনিক বাংলা

তারিখ 04 MAY 1986
পৃষ্ঠা 1 কলাম 2

004

# পরীক্ষা সংস্কার কমিটির রিপোর্ট পেশ

পরীক্ষা সংস্কার কমিটির চেয়ারম্যান অধ্যাপক এম শামসুল হক শনিবার কমিটির সমাপনী বৈঠকে শিক্ষা সচিব কাজী জালালউদ্দিন আহমেদের কাছে সরকারের বিবেচনার জন্য কমিটির রিপোর্ট আনুষ্ঠানিকভাবে প্রদান করেন। খবর বাসসর।

সরকার গত বছরের ৩রা অক্টো

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## রিপোর্ট পেশ

(১ম পৃঃ পর)

বর ২৫ সদস্যে এ কমিটি গঠন করেন।

শিক্ষা সচিব কাজী জালালউদ্দিন আহমেদ বৈঠকে বলেন, সরকার অবিলম্বে এ রিপোর্টটি বিবেচনা করবেন।

অধ্যাপক শামসুল হক বাসসকে জানান, কমিটি ইন্টারনাল (২০ শতাংশ) ও এক্সটার্নাল (৮০ শতাংশ) পরীক্ষার পরিপূরক হার সম্পর্কেও পরামর্শ দেয়।

অধ্যাপক হক বলেন, বর্তমান পরীক্ষা পদ্ধতির যেসব সমস্যা ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের দুশ্চিন্তার কারণ, কমিটি সেসব বিষয়েও দৃষ্টি দিয়েছে। পরীক্ষা অনুষ্ঠান ও পরীক্ষার ফলাফল প্রকাশের ক্ষেত্রে যে সময় নষ্ট হয়, সে বিষয়েও নজর দেয়া হয়েছে।

ভাষা ও সাহিত্য বিষয়ে ৫০ শতাংশ নম্বর রচনামূলক প্রশ্ন এবং ৫০ শতাংশ নম্বর সংক্ষিপ্ত ও উদ্দেশ্যমূলক সুপারিশ করেছে। অন্যান্য বিষয়ের ক্ষেত্রে রচনামূলক প্রশ্নের জন্য ৪০ শতাংশ এবং সংক্ষিপ্ত ও উদ্দেশ্যমূলক প্রশ্নের জন্য ৬০ শতাংশ নম্বর নির্দিষ্ট করার সুপারিশ করা হয়।

কমিটি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগের এবং মেধাভিত্তিক ফলাফল প্রকাশের বর্তমান ব্যবস্থা বহাল রাখার সুপারিশ করেছে।